গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৯ জুন ২০১৫, ২৬ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চার দেশে যান চলাচল চুক্তির খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
২। সফর ফলপ্রসূ ও সফল : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফর নিয়ে ভারতীয় গণমাধ্যম
৩। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরকে ইতিবাচক হিসেবে দেখছে যুক্তরাষ্ট্র
৪। প্রস্তাবিত বাজেটে চিনির শুল্কহার বাড়ানো হয়নি : সংসদে ভুল সংশোধন করলেন অর্থমন্ত্রী
৫। রমজানে বাজারে কৃত্রিম সংকটের কারসাজির পরিণতি সম্পর্কে ব্যবসায়ীদের সতর্ক করলেন বাণিজ্যমন্ত্রী
৬। ১৭৯৫ শিক্ষকের বেতনের গ্রেড উন্নীত
৭। ছিটমহল বিনিময় ৩১ জুলাই শুরু
৮। মিয়ানমার থেকে দেশে ফিরল ১৫০ বাংলাদেশি
৯। ৩৬টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কর্মবিরতি : স্বতন্ত্র বেতন স্কেল দাবি
১০। প্রাথমিক শিক্ষার উন্নয়নে আরো ১২ কোটি ডলার ঋণ দিচ্ছে এডিবি
১১। ঢাকায় তিন কলেজে পরীক্ষা দিয়েই ভর্তি
: অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

চলমান পাতা/২

১। চার দেশে যান চলাচল চুক্তির খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

বাংলাদেশ, ভারত, ভুটান ও নেপালের (বিবিআইএন) মধ্যে সড়কপথে যাত্রী ও পণ্যবাহী বাস ও ব্যক্তিগত মোটরযান চলাচল সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ৮ জুন সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ খসড়ার অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। বৈঠকে ‘মটর ভেহিক্যালস এগ্রিমেন্ট ফর দ্য রেগুলেশন অব প্যাসেঞ্জার, পারসোনাল অ্যান্ড কার্গো ভেহিকুলার ট্রাফিক বিটুইন বাংলাদেশ, ইন্ডিয়া, ভুটান অ্যান্ড নেপাল’ এর খসড়া অনুমোদন দেওয়া হয়। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.৩,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৫)। জনকণ্ঠ, সমকাল, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সফর ফলপ্রসূ ও সফল : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফর নিয়ে ভারতীয় গণমাধ্যম

বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সদ্যসমাপ্ত সফরের তাৎপর্যকে ইতিবাচকভাবে তুলে ধরেছে ভারতীয় বিভিন্ন গণমাধ্যম। তাঁর এ সফরের মাধ্যমে বাংলাদেশের সঙ্গে প্রতিবেশী দেশটির দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার এবং এক নতুন মাত্রায় উন্নীত হবে বলে আশা প্রকাশ করে সম্পাদকীয় লিখেছে প্রভাবশালী সব গণমাধ্যম। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.২)। ইত্তেফাক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরকে ইতিবাচক হিসেবে দেখছে যুক্তরাষ্ট্র

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরকে ইতিবাচক হিসেবে দেখছে যুক্তরাষ্ট্র। দেশটি মনে করে, দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বৃহত্তর সহযোগিতা এ অঞ্চলকে আরও স্থিতিশীল করবে। যার সুফল ভোগ করবে এ অঞ্চলের জনগণ। গতকাল ৮ জুন সোমবার মধ্য ও দক্ষিণ এশিয়াবিষয়ক ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি এইল্যান ও'কনর বাংলাদেশ-ভারত সফর নিয়ে এ মন্তব্য করেন। রাজধানীর আমেরিকান ক্লাবে কয়েকজন গণমাধ্যমকর্মীর সঙ্গে কথা বলেন তিনি। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৪। প্রস্তাবিত বাজেটে চিনির শুল্কহার বাড়ানো হয়নি : সংসদে ভুল সংশোধন করলেন অর্থমন্ত্রী

২০১৫-১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে চিনির ওপর শুল্কহার বাড়ানো হয়নি। শুল্কহার আগে যা ছিল, সেটিই অপরিবর্তিত থাকবে বলে জানালেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ৮ জুন সোমবার জাতীয় সংসদে তিনশ বিধিতে দেওয়া এক বিবৃতিতে প্রস্তাবিত বাজেটে এ সংক্রান্ত ভুল সংশোধন করে একথা জানান তিনি। অধিবেশনের শুরুতে দেওয়া এই বিবৃতিতে অর্থমন্ত্রী বলেন, অপরিশোধিত চিনির ওপর বর্তমানে ২ হাজার টাকা এবং পরিশোধিত চিনির ওপর ৪ হাজার ৫শ টাকা শুল্কহার রয়েছে। কোনো পরিবর্তন আনিনি। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), যুগান্তর (পৃ.২,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১)।

৫। রমজানে বাজারে কৃত্রিম সংকটের কারসাজির পরিণতি সম্পর্কে ব্যবসায়ীদের সতর্ক করলেন বাণিজ্যমন্ত্রী

বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও দাম স্বাভাবিক আছে। আর বাজার নিয়ে কৃত্রিম সংকট বা কারসাজি হলে তার পরিণতি ভালো হবে না বলে ব্যবসায়ীদের সতর্ক করে দিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, নিত্যপ্রয়োজনীয় পণ্য প্রয়োজনের তুলনায় অনেক বেশি মজুদ আছে। এজন্য আসন্ন রমজানে পণ্যদামের ওপর লাভ সহনশীল পর্যায়ে রাখতে হবে। সর্বোচ্চ দুই টাকা লাভ করার পরামর্শ দিয়েছেন তিনি। ফলে আসন্ন রমজানে পণ্যমূল্য বৃদ্ধির কোনো সম্ভাবনা নেই বলে জানান তিনি। গতকাল ৮ জুন সোমবার রাজধানীর কাওরান বাজারে টিসিবি ভবনে রমজান উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ও সরবরাহ স্বাভাবিক রাখতে বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা সভায় তিনি এ সতর্কবার্তা দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (পৃ.২,ক.১), প্রথম আলো (পৃ.১৪,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৫)।

৬। ১৭৯৫ শিক্ষকের বেতনের গ্রেড উন্নীত

সরকারি স্কুল-কলেজের এক হাজার ৭৯৫ জন শিক্ষকের বেতনের গ্রেড উন্নীত ও চাকরি স্থায়ী করা হয়েছে। শিক্ষা সচিব নজরুল ইসলাম খানের সভাপতিত্বে দুটি ভিন্ন বিভাগীয় পদোন্নতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে গতকাল ৮ জুন সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫)।

৭। ছিটমহল বিনিময় ৩১ জুলাই শুরু

আগামী ৩১ জুলাই মধ্য রাত থেকে বাংলাদেশের মধ্যে ভারতের ও ভারতের মধ্যে বাংলাদেশের থাকা ছিটমহল বিনিময় প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে শুরু হবে। গতকাল ৮ জুন সোমবার দুই দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এই তথ্য জানানো হয়। ছিটমহল বিনিময়ের মাধ্যমে দুই দেশের প্রায় ৫০ হাজার মানুষের মুক্তির পথ খুলছে। হস্তান্তর করা স্থল সীমান্ত চুক্তির অনুসমর্থনের দলিলে বলা হয়েছে, ৩১ জুলাইয়ের আগে দুই দেশের সংশ্লিষ্ট কর্মকর্তারা

যৌথভাবে ছিটমহলগুলোতে যাবেন এবং চুক্তির বিষয়গুলো বিশেষ করে নাগরিকত্ব ও জাতীয়তা নিয়ে তাদের অধিকারের বিষয় তুলে ধরবেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), যুগান্তর (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১)। সংবাদ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। মিয়ানমার থেকে দেশে ফিরল ১৫০ বাংলাদেশি

অবৈধভাবে মালয়েশিয়া যাওয়ার পথে গত মাসে মিয়ানমারে উপকূলে উদ্ধার হওয়া ১৫০ বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হয়েছে। গতকাল ৮ জুন সোমবার উখিয়ার ঘুমধুম সীমান্ত দিয়ে তারা দেশে প্রবেশ করেন। পরে তাদের কক্সবাজারে নিয়ে যাওয়া হয়। এর আগে মিয়ানমারের মংডুস্থ ঢেঁকিবুনিয়া এলাকার একটি ফাঁড়িতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে এসব বাংলাদেশিকে বিজিবির হাতে হস্তান্তর করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৯। ৩৬টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের কর্মবিরতি : স্বতন্ত্র বেতন স্কেল দাবি

প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন কাঠামো বাতিল করে পুনঃনির্ধারণ এবং দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল ঘোষণার দাবিতে দেশের ৩৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একযোগে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট পালন করেছেন শিক্ষকরা। চলতি মাসের মধ্যে শিক্ষকদের স্বতন্ত্র বেতন কাঠামোর বিষয়ে ঘোষণা না এলে কঠোর কর্মসূচির ঘোষণাও দিয়েছেন তারা। উল্লেখ্য, অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেতন গ্রেড ৩ ও ৪-এ নির্ধারণ করা হয়। সপ্তম বেতন কাঠামোতে শিক্ষকরা গ্রেড ১ ও ২ হিসেবে বেতন পেতেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.৩,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.২)।

১০। প্রাথমিক শিক্ষার উন্নয়নে আরো ১২ কোটি ডলার ঋণ দিচ্ছে এডিবি

বাংলাদেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে আরো ১২ কোটি ডলার দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। ৬ বছর মেয়াদি প্রাথমিক শিক্ষা বিষয়ক এক প্রোগ্রামের (প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রোগ্রাম) আওতায় বাড়তি এ ঋণ দেওয়া হবে। গতকাল ৮ জুন সোমবার রাজধানীর এনইসি সম্মেলন কক্ষে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) জ্যেষ্ঠ সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং এডিবির পক্ষে সংস্থার আবাসিক প্রতিনিধি কাজুহিকো হিগুছি চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৩), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৮), সমকাল (পৃ.১৯,ক.৩), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৬)।

১১। ঢাকায় তিন কলেজে পরীক্ষা দিয়েই ভর্তি

: অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি জালিয়াতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে

উচ্চ মাধ্যমিকে মেধা তালিকার ভিত্তিতে ভর্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা 'ভর্তি নীতিমালা ২০১৫' এর কার্যকারিতা নটর ডেম, হলিক্রস ও সেন্ট জোসেফ কলেজের ক্ষেত্রে ছয় মাসের জন্য স্থগিত করে দিয়েছেন হাইকোর্ট। ফলে এই তিন শিক্ষা প্রতিষ্ঠানেই নিজস্ব পদ্ধতিতে আগের নিয়মে পরীক্ষা নিয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে। গতকাল ৮ জুন সোমবার ওই তিন কলেজের পক্ষে করা এক রিট আবেদনের শুনানি নিয়ে বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি ইকবাল কবির সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চ রুলসহ আদেশ দেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৮), প্রথম আলো (পৃ.৪,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি নিয়ে জালিয়াতির বিষয়ে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. শ্রীকান্ত কুমার চন্দ গতকাল ৮ জুন সোমবার সংবাদ মাধ্যমকে বলেন, অভিভাবক ও শিক্ষার্থীরা এ বিষয়ে বোর্ডের কলেজ পরিদর্শক বরাবর আবেদন করলে অনলাইন বা এসএমএস'র ভর্তি বাতিল করে পুনরায় আবেদনের সুযোগ দেওয়া হবে। পাশাপাশি প্রতারণাকারী কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সমকাল (পৃ.৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, যুগান্তর, ইনকিলাব, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট : বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফর দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে ইতিবাচক ফল বয়ে আনবে এবং ভবিষ্যতে দু'দেশ বিভিন্ন চুক্তি বাস্তবায়নে পারস্পরিক স্বার্থ সমানভাবে রক্ষা করতে পারবে বলে আশাবাদ ব্যক্ত;

খ. ইত্তেফাক : অসুস্থ প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীর মেধাশক্তির যথার্থ বিকাশ হয়না উল্লেখ করে এব্যাপারে সংশ্লিষ্টদের নজর দেওয়ার পরামর্শ;

গ. জনকণ্ঠ : সংঘর্ষ ও দলীয়করণ থেকে বের হয়ে আসতে সর্বত্র ইলেক্ট্রনিক টেন্ডারিং বা ই-টেন্ডারিং ব্যবস্থা চালুর ওপর গুরুত্বারোপ;

ঘ. যুগান্তর : ম্যাগি ন্যুডুলসে ক্ষতিকর উপাদান পাওয়ায় ভারত, নেপাল ও সিঙ্গাপুরে তা নিষিদ্ধ করা হয়েছে উল্লেখ করে বাংলাদেশে ম্যাগি ন্যুডুলসসহ অন্যান্য খাদ্যপণ্যের মান যথাযথভাবে পরীক্ষা করে দেখার

সুপারিশ;

ঙ. যায়যায়দিন : নারী নির্যাতন বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে তা প্রতিরোধে আইনি ব্যবস্থার সাথে সাথে সবাইকে সচেতন হওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : প্রতিবন্ধীদের উন্নয়নে বাজেটে পর্যাপ্ত বরাদ্দ রাখা, তাদের সার্বিক সহায়তায় বিভিন্ন মন্ত্রণালয়ের সমন্বিত উদ্যোগে তাদের শিক্ষা, দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ এবং অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণের মাধ্যমে সমাজের কর্মক্ষম মানুষ হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : দেশের পর্যটন খাতের উন্নয়নে আরো বেশি করে পর্যটক আকর্ষণ করতে পর্যটকদের নিরাপত্তা যেমন সরকারকে নিশ্চিত করতে হবে, তেমনি পর্যটন খাতে বেসরকারি বিনিয়োগ উৎসাহিত করতে করমুক্তি সুবিধা প্রদান, আমদানি শুল্ক হ্রাস করতে হবে বলে মত প্রকাশ;

জ. ডেইলি অবজারভার : ধর্ম মন্ত্রণালয়ের কিছু অসাধু কর্মকর্তা বিভিন্ন হজ এজেন্সির প্রতি পক্ষপাতদুষ্ট হয়ে হজকোটা বণ্টনে অসততার পরিচয় দিচ্ছেন এবং হজের নাম করে সৌদি আরবে অবৈধ অভিবাসনে মদদ দিচ্ছেন উল্লেখ করে ভবিষ্যতে এটি বাংলাদেশ থেকে কর্মী নেওয়ার বিষয়টিকে প্রভাবিত করতে পারে বলে সতর্কবার্তা প্রদান;

ঝ. নিউ এজ : সাংবাদিক সাগর-রুনি হত্যা মামলার দীর্ঘসূত্রতায় হতাশা প্রকাশ করে এধরনের আরো অনেক মামলা এখনো অমীমাংসিত রয়ে গেছে উল্লেখ করে সাংবাদিকদের নিরাপত্তায় জনগণকে আরো বেশি সোচ্চার হতে হবে বলে অভিমত ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে বাজেটের টাকার আকার বাড়ানোর চেয়ে তা মানুষের জন্য কল্যাণকর হওয়া বেশি প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'একুশ শতকের প্রশিক্ষণ ভাবনা' শিরোনামের নিবন্ধে ড. মুহাম্মদ নজরুল ইসলাম খান শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীল করতে হলে শিক্ষক সংগঠনগুলোকে শিক্ষার মানোন্নয়নে কাজে লাগাতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা